



০০০০০০ ০০০০০০

০০০০০০০০০০ ০০০ ০০০০০০০ ০০০০০ ০০০০ ০০০০০০০০০০০০০ ০০০০০, ০০০০০০০০

Job Category: Teaching/Academics

Job Source: The Daily Observer

## Job Summary

Posted On: 12 Dec 2024

Application Deadline: 31 Dec 2024



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় স্কুল  
গাজীপুর-১৭০৬।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-বশেমুরক্বি/স্কুল/বিজ্ঞপ্তি/৩৭/২০০০/১৯৯৫

তারিখঃ ১১/১২/২০২৪ খ্রি.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় স্কুল (এমপিওভুক্ত), গাজীপুর-১৭০৬ এর জন্য বিধি মোতাবেক জনবল কাঠামো-২০২১ অনুযায়ী নিম্নলিখিত পদে যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
০১	প্রধান শিক্ষক (শূণ্যপদ, এমপিওভুক্ত) (২৯০০০- ৬৩৪১০) গ্রেড-৭	০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১(এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেপেন্ডেন্ট প্রধান শিক্ষক অথবা মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেপেন্ডেন্ট সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেপেন্ডেন্ট প্রধান শিক্ষক হিসেবে ৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৫(পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।
০২	কম্পিউটার ল্যাব অপারেটর (স্ট্রিপদ, এমপিওভুক্ত) (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬	০১ জন	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩(তিন) বছর মেয়াদি কম্পিউটার ডিপ্লোমা/সমমান অথবা শিক্ষাবোর্ড হতে কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি/সমমান। এইচ.এস.সি/সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬(ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাদারী অগ্রাধিকার পাবে। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেপেন্ডেন্টদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)।

শর্তাবলী : আগ্রহী প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, নম্বরপত্র, জাতীয় পরিচয়পত্র, ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সত্যায়িত করত: মোবাইল নম্বর এবং অন্যান্য কাগজপত্রাদি ও তথ্যসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) বরাবর আবেদন করতে হবে। প্রার্থীকে যে কোন তফসিলি ব্যাংক হতে "প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় স্কুল" এর অনুকূলে ১নং পদের জন্য ১,০০০/- (এক হাজার) এবং ২নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) "সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর"-এর উপর দাখিল করতে হবে। [২নং পদের জন্য বাংলা ও ইংরেজী টাইপ করার অভিজ্ঞতা থাকতে হবে এবং পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।] [দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষককে বিদ্যালয় প্রদত্ত আকর্ষণীয় বেতন ও ভাতা প্রদান করা হবে।]

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি  
বিশ্ববিদ্যালয় স্কুল  
গাজীপুর-১৭০৬।

CG-14323 (5x3)